

মাদ্রাসায় মওদুদীর বই বিতরণ বাতিলের দাবি

যুগান্তর রিপোর্ট

সরকারি বায়ে/আলিয়া মাদ্রাসার বেৎসরবা-
হিসেবে মওলানা মওদুদীর 'ভ্রাতৃ মতবান ও
আকিদার বই' অন্তর্ভুক্ত করার প্রতিবাদ 'ও
অবিলম্বে মাদ্রাসা প্রধানদের দাবি জানিয়েছে
বই : পৃষ্ঠা ২ : কলাম ৮

বই : মওদুদীর (৩য় পৃষ্ঠার পর)

ইসলামী ঐক্যজোট। জোটের মহাসিবে শূরার
সভায় শিক্ষা মহাগণপন্থের উদ্যোগে
মাদ্রাসাগুলোতে মওলানা মওদুদীর
ডাফতরীয় কোরআনসহ ৮টি বই বিতরণের
সিদ্ধান্ত বাতিল এবং ভ্রাতৃ আকিদার যাবতীয়
বই নিষিদ্ধ ঘোষণারও দাবি জানানো হয়।
গতকাল মুফতি ফজলুল হক আমিনীর
সভাপতিত্বে অনুষ্ঠিত মহাসিবে শূরার সভায়
অন্যান্যের মধ্যে জোটের সিনিয়র জাইস
চেয়ারম্যান মওলানা মুহিউদ্দিন বান,
মওলানা নূর হোসাইন কাসেমী, ভারপ্রাপ্ত
মহাসচিব মওলানা আবদুল লতিফ নেজামী,
দুগা-মহাসচিব মুফতি মোহাম্মদ ওয়াকাস
এমপি, মুফতি মুহাম্মদ ডেয়ব, পীরজাদা
শরফুদ্দিন আহমদ, পীরজাদা মওলানা মুইন
উদ্দিন আহমদ, ঢাকা মহানগর সভাপতি
মওলানা আবুল কাসেম, মওলানা আহম্মদ
ওয়াহেদ প্রমুখ উপস্থিত ছিলেন।
সভায় আগামী ১৮ সেপ্টেম্বর জোটের জাতীয়
কনভেনশন ও ৭ আগস্ট ঢাকা মহানগরী
প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া
হয়।